গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জীবন বীমা ভবন
১০, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩৪.২৬- ৫২৬

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

আদেশ

জনাব মোঃ সলিম উল্লাহ, বাবুর্চি পদে যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লা কার্যালয়ে কর্মরত আছেন। ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মকালীন উক্ত কেন্দ্রের সিনিয়র প্রশিক্ষক (পশুপালন) জনাব মুহাম্মদ শহীদুল ইসলাম-এর সাথে অসদাচরণের অভিযোগে দপ্তরের গত ০২-০৬-২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১৯.০০১.২৬ (অংশ-১)-১০১৫ সংখ্যক স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। অত:পর বিধি মোতাবেক গত ০২-০৯-২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩৪.২৬-৩৭৭ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (১৪/২০২৬) চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানি দিতে আগ্রহ প্রকাশ করায় গত ২৩-০৯-২০২৬ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালিন তার প্রদত্ত বক্তব্য ও নথি পর্যালোচনায় অভিযোগকারীর উপস্থিতিতে শুনানির প্রয়োজন হওয়ায় গত ০৪-১০-২০২৬ খ্রি. তারিখ অভিযোগকারীর উপস্থিতিতে পুনঃ শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালিন অভিযুক্ত জনাব মোঃ সলিম উল্লাহ অভিযোগকারীর নিকট ক্ষমা প্রার্থনা ও দুঃখ প্রকাশ করেন। অভিযুক্ত জনাব মোঃ সলিম উল্লাহ দীর্ঘদিন ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত ছিলেন এবং তার চাকরিকাল শেষ পর্যায় চলে যাওয়ায় বিষয়টি যদি সুযোগ থাকে মানবিক দৃষ্টিকোন থেকে বিবেচনার জন্য অভিযোগকারী লিখিতভাবে অনুরোধ জানান;

যেহেতু, ব্যক্তিগত শুনানিকালিন উভয় পক্ষের মধ্যে বিষয়টি মীমাংসিত / নিষ্পত্তি হয়েছে বিধায় জনাব মোঃ সলিম উল্লাহ-এর বিরুদ্ধে বিভাগীয় মামলার সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো উপযুক্ত উপাদান বিদ্যমান না থাকায় বিভাগীয় মামলাটি নিষ্পত্তিযোগ্য। তবে, তার কর্তৃক সম্পাদিত কার্যক্রম অসদাচরণের পর্যায়ভুক্ত;

যেহেতু, লিপিবদ্ধকৃত বিভাগীয় মামলায় তার লিখিত জবাব, অভিযোগকারীর উপস্থিতিতে সম্পাদিত শুনানি, শুনানিকালিন ক্ষমা প্রার্থনা ও দুঃখ প্রকাশ করা, চাকরিকাল শেষ হওয়া, অভিযোগকারীর আবেদন এবং সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৩(খ) বিধি মোতাবেক তার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালা,২০১৮ এর ৪(২) বিধি মোতাবেক তাকে লঘু দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো:

সেহেতু, এক্ষণে যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা যুব প্রশিক্ষণ কেন্দ্রের বাবুর্চি, জনাব মোঃ সলিম উল্লাহ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" দন্ডে দন্ডিত করা হলো। একই সাথে তার সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

১৫.১১.২৬
(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯ ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩৪.২৬- কার্তিক ১৪৩৩ / নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/প্রকল্প পরিচালক----------(সকল) ,মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ / কুমিল্লা ।
০৪। কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ ।
০৫। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লা (বিষয়টি সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণ ও স্বাক্ষরায়নের অনুরোধসহ)।
০৬। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। জেলা অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা।
০৮। সহকারী পরিচালক (প্রশাসন-২), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ)।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
১০। জনাব মোঃ সলিম উল্লাহ, বাবুর্চি,যুব উন্নয়ন অধিদপ্তর,যুব প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লা।

১৫.১১.২৬
(শহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

Shahidul/E/Realse-766